

তারিখ
পৃষ্ঠা

ভাষা আন্দোলনের সুবর্ণজয়ন্তীতে বিভিন্ন দল ও সংগঠনের কর্মসূচি

কাগজ প্রতিবেদক : মহান একুশে ফেব্রুয়ারির সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বিভিন্ন দল ও সংগঠন ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে কালো ব্যাজ ধারণ, প্রভাতফেরি, কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, রক্তদান কর্মসূচি ইত্যাদি। কয়েকটি সংগঠন অবশ্য সজাহাবাঙ্গী ও মাসবাঙ্গী একুশের আগাম কর্মসূচি পালন করেছে।

মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে স্মরণীয় দল বিএনপি ও অঙ্গসংগঠনগুলোর কার্যালয়ে আজ জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং কালো পতাকা উত্তোলন করা হবে। সংগঠনের পক্ষ থেকে ভোর সাড়ে ৬টায় নীলকণ্ঠ মোড়ে নেতাকর্মীদের জমায়েত, কালো ব্যাজ ধারণ, সকাল ৭টায় প্রভাতফেরি শুরু হবে। প্রভাতফেরি সহকারে আজিমপুর কবরস্থানে ও কেন্দ্রীয় শহীদ মিনারে গমন এবং ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হবে। বিকাল ৪টায় জাশাসের উদ্যোগে রমনা বটমূলে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হবে।

একুশে ফেব্রুয়ারি উদযাপনে প্রধান বিরোধী দল আওয়ামী লীগ আজ বৃহস্পতিবার সংগঠনের কেন্দ্রীয় কার্যালয় বঙ্গবন্ধু ভবনসহ সংগঠনের সকল শাখা কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিত রাখবে এবং কালো পতাকা উত্তোলন করবে। সংগঠনের পক্ষ থেকে সকাল সাড়ে ৭টায় কালো ব্যাজ ধারণ করে নিউমার্কেটের দক্ষিণ গেট থেকে প্রভাতফেরি শুরু হবে। বিকাল ৩টায় পল্টন ময়দানে জয় বাংলা সাংস্কৃতিক ট্রকা জোট সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে।

জাতীয় পার্টি (মজ) একুশে পালন উপলক্ষে সকাল ৬টায় দলীয় কার্যালয়ে কালো পতাকা উত্তোলন ও কালো ব্যাজ ধারণ করবে। সকাল ৭টায় ভাষা শহীদদের কবর জিয়ারত ও কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা অর্পণ করা হবে।

কমিউনিস্ট পার্টি রাত সাড়ে ১২টায় শহীদ মিনারে পুষ্পমালা অর্পণ, সকাল ৭টায় বলাকা সিনেমা হলের সামনে থেকে প্রভাতফেরি বের করার কর্মসূচি নিয়েছে।

ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স সকাল সাড়ে ৭টায় ইনস্টিটিউট প্রাঙ্গণ থেকে প্রভাতফেরি নিয়ে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করবে।

পদাতিক নাট্য সংসদ 'সুবর্ণ একুশে পদাতিক সাংস্কৃতিক সংসদ ২০০২' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের বকুল তলায়। সকাল ১০টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন অধ্যাপক ড. আনিসুজ্জামান। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট সাংবাদিক ও

সাহিত্যিক রাহত খান। অনুষ্ঠানে ভাষা সৈনিকদের স্মরণনা দেওয়া হবে। বাংলাদেশ ও ভারতের বিশিষ্ট শিল্পীকৃষ্ণ দিনবাসী এ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

ঢাকা সাংবাদিক ইউনিয়ন সংগঠনের কার্যালয় থেকে রাত ১২টা ১ মিনিটে শহীদ মিনারের উদ্দেশে প্রভাতফেরি এবং ২৮ ফেব্রুয়ারি বিকালে ৩টায় জাতীয় প্রেসক্লাবে আলোচনা সভার আয়োজন করেছে।

নজরুল ইনস্টিটিউট আজ বিকাল ৪টায় ইনস্টিটিউটে ভাষা আন্দোলনের শহীদ পরিবারবর্গকে 'নজরুল ইনস্টিটিউটে বারক' সম্মাননা ২০০২ প্রদান করবে।

খুলবুল ললিত কলা একাডেমী (বাফা) আজ সকাল সাড়ে ১০টায় একাডেমীর ওয়াইজগাট কেন্দ্র মিলনায়তনে ভাষা শহীদদের স্মরণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। মনস্য ও পতঙ্গস্পন্দমন্ত্রী সাদেক হোসেন খোকা এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

জামাতে ইসলামী আজ বিকাল ৫টায় পল্টনের কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিলের কর্মসূচি পালন করবে। মহানগরী জামাআতের আমির এ টি এম আজহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠের আয়োজনে সংগঠনের ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল অধ্যাপক মুহাম্মদ ইউসুফ আলী উপস্থিত থাকবেন প্রধান অতিথি হিসেবে।

এদিকে একুশ উদযাপনে জাতীয় জাদুঘরের তিন দিন ব্যাপী কর্মসূচির শেষ দিনে গতকাল সকাল ১১টায় কবি সূফিয়া কামাল মিলনায়তনে আয়োজন করা হয় শিশু-কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এতে সাংস্কৃতিকবিষয়ক প্রতিমন্ত্রী বেগম সেলিয়া রহমান প্রধান অতিথি এবং সাংস্কৃতিকবিষয়ক সচিব নাজমুল আহসান চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন জাদুঘরের বোর্ডের সভাপতি অধ্যাপক এস এম এ ফয়েজ।

এছাড়া বাংলাদেশ পরিবেশ আন্দোলন, (বাণা) ও মানবাধীকার সমন্বয় পরিষদ (বামাসপ), বাংলাদেশ খ্রিস্টান লীগ, জাতীয়তাবাদী পরিবেশ ফোরাম, রাসেল এসোসিয়েশন ফর ইনফ্যান্ট নেশন (রেইন), গুড রাজশাহী ক্যাডেটস এসোসিয়েশন (অরকা), রফিকুল ইসলাম শ্রুতি সংসদ, বঙ্গবন্ধু ললিতাকলা একাডেমী, কৃষক শ্রমিক মুক্তি আন্দোলন, কৃষক লীগ, উদীচী শিল্পী গোষ্ঠী, অফিসার্স ক্লাব, শিশু একাডেমী, সোনার বাংলা যুব পরিষদ, সেলাফন ইন্টারন্যাশনাল কুল, অগ্নিসেনা সংসদ একুশ উদযাপন বিভিন্ন কর্মসূচি পালন করবে।